



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়- ১/সাধারণ/৬০০৪

তারিখ : ২৪/১১/২০১৬

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/১১/২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.৭২.৩১.০৩৭.১৬.৩৮৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যানের আদেশক্রমে

২০.১১.১৬

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

২৪/১১/১৬

মুদ্রিত টিকা
২১-১১-১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১(মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

ক/৩/বি/১৬
৩০ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.৭২.৩১.০৩৭.১৬. ৩৬৬

তারিখ : ৩০ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি ০১ (এক) মাসের মধ্যে নিয়োগ পত্র জারি করবে। কিন্তু যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি নাই এবং প্রতিষ্ঠানে নিয়োগ পত্র জারি করায় জটিলতা সৃষ্টি হচ্ছে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জটিলতা নিরসনে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এন.টি.আর.সি.এ. কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের যোগদানের সুবিধার্থে নিয়োগপত্র জারি করবেন। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের পর উক্ত শিক্ষকদের নিয়োগপত্র ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। উল্লেখ্য, যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি নাই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অতিসত্তর কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(সালমা জাহান)
উপসচিব
ফোন : ৯৫৫০৩৪১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, নায়েম, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, স্কাউট হাইল, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/সিলেট/দিনাজপুর/বরিশাল।
- ০৬। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৭। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.৭২.৩১.০৩৭.১৬.

তারিখ : ৩০ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও সদয় কার্যার্থে:

- ০১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, পাঁচখোলা মুক্তিসেনা হাই স্কুল এন্ড কলেজ, সদর, মাদারীপুর।

(সালমা জাহান)
উপসচিব